# ২০২৪

## দ্বিতীয় সেমেস্টার

## বাংলা — এম.ডি.সি.

**পত্র : CC-2**

**(বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা -১)**

**পূর্ণমান - ৭৫**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) উচ্চারণস্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ করো। ১৫

*অথবা,*

(খ) ধ্বনি, বর্ণ ও অক্ষর— সংজ্ঞা ও উদাহরণসহ পরিচয় দাও। ৫+৫+৫

২। (ক) নিচের যে-কোনো তিনটি বিষয় সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো—
স্বরসঙ্গতি, অভিশ্রুতি, অল্পপ্রাণীভবন, বিষমীভবন, ব্যঞ্জনাগম। ৫+৫+৫

*অথবা,*

(খ) ভাষা ও উপভাষার পার্থক্য কী? বাংলা আঞ্চলিক উপভাষা কত রকমের স্থান উল্লেখ করে বলো। যে-কোনো একটি উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো। ২+৫+৮

৩। (ক) বাংলা শব্দ গঠনের প্রক্রিয়া কী কী? শব্দ গঠনে প্রত্যয় ও উপসর্গের ভূমিকা আলোচনা করো। ৩+১২

*অথবা,*

(খ) ক্রিয়াপদ কীভাবে গঠিত হয়? ক্রিয়াবিভক্তিগুলোর প্রকার উল্লেখ করে ক্রিয়াপদের গঠন দেখাও। ৩+১২

৪। (ক) টীকা লেখো— সম্মুখ স্বরধ্বনি। ৫

*অথবা,*

(খ) টীকা লেখো— তদ্ভব শব্দ। ৫

৫। (ক) নাসিক্যীভবন ও স্বতোনাসিক্যীভবন কী? ২১/২+২১/২

*অথবা,*

(খ) টীকা লেখো— শব্দার্থের বিস্তার ও শব্দার্থের সংকোচ। ২১/২+২১/২

৬। (ক) বাংলায় লিঙ্গান্তর কীভাবে হতে পারে দৃষ্টান্ত দিয়ে লেখো। ৫

*অথবা,*

(খ) করণ ও অপাদান কারকে কোন বিভক্তি ও অনুসর্গ যোগ হয় উল্লেখ করো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও— ১×১৫

(ক) উচ্চ-পশ্চাৎ স্বরধ্বনি কোনটি?

(খ) একটি ঘৃষ্ট ব্যঞ্জনের উদাহরণ দাও।

(গ) কার্তুজ— কোন ভাষা থেকে আগত?

(ঘ) ঝাঁটা— কী জাতীয় শব্দ?

(ঙ) একটি ঘোষবৎ ধ্বনির দৃষ্টান্ত দাও।

(চ) কুমড়া > কুমড়ো— কোন জাতীয় ধ্বনি পরিবর্তন?

(ছ) একটি জোড়কলম শব্দের উদাহরণ দাও।

(জ) গামছা— ধ্বনিপরিবর্তনের কোন নিয়মের ফল?

(ঝ) সন্দেশ— শব্দার্থের পরিবর্তন কী নিয়মে হয়েছে?

(ঞ) আদিতে ও-কার লোপ কোন উপভাষায় লক্ষিত হয়?

(ট) 'চলা' শব্দে কী প্রত্যয় ব্যবহৃত হয়েছে?

(ঠ) সম্বন্ধ তৎপুরুষের একটি দৃষ্টান্ত দাও।

(ড) <u>মেঘে</u> বৃষ্টি হয়— মেঘে কোন কারক?

(ঢ) অব্যয় পদ কী?

(ণ) একটি তালব্য ধ্বনির উল্লেখ করো।